

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
আইসিটি শাখা

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের উদ্ভাবনী কার্যক্রম সংক্রান্ত (সেবা সহজীকরণের লক্ষ্যে দুই দিনের
প্রশিক্ষণ আয়োজন বিষয়ে) ২য় সভার কার্যবিবরণী, আগস্ট ২৯, ২০১৯

সভাপতি	মোঃ জিল্লুর রহমান চৌধুরী যুগ্মসচিব (প্রশাসন অনুবিভাগ)
সভার তারিখ	২৯ আগস্ট ২০১৯ খ্রি:
সভার সময়	বিকাল ০৩.০০ ঘটিকা
স্থান	যুগ্মসচিব (প্রশাসন) এর অফিস কক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-ক।

২.০ আলোচনা

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। কমিটির সদস্য সচিব মোছাম্মাৎ ফরহানা রহমান (উপসচিব) সভাপতির অনুমতিক্রমে সভার শুরুতে আলোচ্যসূচি অনুযায়ী উদ্ভাবনী কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি তুলে ধরেন। উল্লেখ করা হয় যে, ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার গাইডলাইন অনুযায়ী সেবা সহজীকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২ (দুই) দিনের প্রশিক্ষণের আয়োজন করা প্রয়োজন। সভাপতি বলেন, এ বিভাগের প্রতি শাখা হতে ০১ (এক) জন এবং দপ্তর/ সংস্থা থেকে ০১ (এক) জন করে নিয়ে মোট ৩০ (ত্রিশ) জনের একটি প্রশিক্ষণার্থীর টিম গঠন করে এটুআই ও মন্ত্রিপরিষদ বিভাগের সহায়তায় বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি) এ উক্ত প্রশিক্ষণের আয়োজন করা যেতে পারে। এক্ষেত্রে, প্রশিক্ষণের সম্ভাব্য সময় আগামী ১০-১১ সেপ্টেম্বর ২০১৯ তারিখ। প্রশিক্ষণের ব্যয় এ বিভাগের অর্থনৈতিক কোড ৩২৫৭১০৫: ইনোভেশন কোড থেকে নির্বাহ করার সুযোগ রয়েছে।

২.১। গত ২২ অক্টোবর ২০১৯ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে ২০১৮-১৯ অর্থবছরের নাগরিক সেবায় উদ্ভাবন কার্যক্রমের অগ্রগতি বিষয়ক পর্যালোচনা সভায় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ও আওতাধীন দপ্তর/ সংস্থার সার্বিক অগ্রগতি তুলে ধরেন। তিনি বলেন, গত ২০১৮-১৯ অর্থবছরের অর্জন তেমন সন্তোষজনক ছিল না। গত বছরের অভিজ্ঞতা কাজে লাগিয়ে এ অর্থবছরে আরও ভালো করার জন্য সকলের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি প্রতিটি সভার সিদ্ধান্ত বাস্তবায়নের উপর জোর দেন। পাশাপাশি উদ্ভাবনী বার্ষিক কর্মপরিকল্পনা যথাযথ বাস্তবায়নের জন্য তৎপরতা বৃদ্ধির জন্য সভায় গুরুত্বারোপ করেন।


২.২। ইনোভেশন আইডিয়া প্রেরণের জন্য এ বিভাগের প্রতি শাখায় পত্র দেওয়া যেতে পারে। এ পদ্ধতিতে নতুন নতুন ইনোভেশন আইডিয়া পাওয়া যেতে পারে।

০৩। সভার বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	বিবরণ	সিদ্ধান্ত বাস্তবায়নকারী	বাস্তবায়নের শেষ সময়
৩.১	আগামী অক্টোবর ৮, ২০১৯ তারিখে সভা আহ্বান;	সদস্য সচিব	-

৩.২	সেবা সহজীকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২ (দুই) দিনের প্রশিক্ষণ আয়োজন।	ইনোভেশন কমিটি	সেপ্টেম্বর ১০-১১, ২০১৯
৩.৩	এ বিভাগের প্রতি শাখা হতে ০১ (এক) জন করে (প্রয়োজনে ২ (দুই) জন করে) এবং দপ্তর/ সংস্থা থেকে ০১ (এক) জন করে নিয়ে (প্রয়োজনে ২ (দুই) জন করে) মোট ৩০ (ত্রিশ) জনের একটি প্রশিক্ষণার্থীর টিম গঠন করা;	ইনোভেশন কমিটি	সেপ্টেম্বর ৪, ২০১৯
৩.৪	ভেন্যু : বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি);	-	-
৩.৫	সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন;	ইনোভেশন কমিটি	-
৩.৬	উদ্ভাবনী বার্ষিক কর্মপরিকল্পনা যথাযথ বাস্তবায়ন;	ইনোভেশন কমিটি	-
৩.৭	ইনোভেশন আইডিয়া প্রেরণের জন্য এ বিভাগের প্রতি শাখায় পত্র প্রেরণ।	ইনোভেশন কমিটি	সেপ্টেম্বর ৯, ২০১৯

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ জিল্লুর রহমান চৌধুরী
যুগ্মসচিব (প্রশাসন অনুবিভাগ)

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০১১.৯৯.০০৪.১৮.১৫৯

তারিখ: ১৮ ভাদ্র ১৪২৬

০২ সেপ্টেম্বর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (দৃষ্টি আকর্ষণ: উপসচিব, ই-গভর্নেন্স-২ শাখা)
- ২) উপ-সচিব, উন্নয়ন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৩) উপ-সচিব, অপারেশন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৪) একান্ত সচিব, সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৫) উপ-প্রধান, পরিকল্পনা-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৬) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৭) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ



মোছাম্মাৎ ফারহানা রহমান
উপ-সচিব